গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন
এমআইএস বিভাগ

**বিষয়ঃ বিপিসি'র বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০২৩-২৪ এর আওতাধীন ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত কমিটির ১ম সভার কার্যবিবরণী।**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | কাজী মুহাম্মদ মোজাম্মেল হক, পরিচালক (অর্থ), বিপিসি। |
| সভার তারিখ | : | ২৭/০৯/২০২৩ |
| সভার সময় | : | সকাল ১১.০০ ঘটিকা |
| স্থান | : | বিপিসি বোর্ড সভাকক্ষ, চট্টগ্রাম। |
| সভার উপস্থিতি | : | পরিশিষ্ট - "ক" |

সভার প্রারম্ভে সভাপতি উপস্থিত সবাইকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতি বিগত বছরের অর্জনের বিষয়ে সভায় আলোকপাত করেন। তিনি সভাকে জানান যে, বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০২৩-২৪ এর একটি গুরুত্বপূর্ণ অংশ হলো **ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন**। এ লক্ষ্যে নির্ধারিত সূচকে কাঙ্খিত মান অর্জনে সংশ্লিষ্ট সকলের সহযোগিতা প্রয়োজন। তিনি মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক জারিকৃত নির্দেশিকার আলোকে নির্ধারিত বিষয়/ আলোচ্য সূচিসমূহ উপস্থাপনের জন্য ফোকাল পয়েন্ট কর্মকর্তাকে অনুরোধ করেন।

২। সভায় মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক জারিকৃত নির্দেশিকার প্রতিটি অনুচ্ছেদ এবং চলতি ২০২৩-২০২৪ এর জন্য নির্ধারিত কার্যক্রম, লক্ষ্যমাত্রা ও এর বাস্তবায়ন সংক্রান্ত বিষয়গুলো পর্যায়ক্রমে উপস্থাপন করেন। উপস্থাপিত বিষয়ে কমিটি মতামত প্রদান করেন। উক্ত মতামতের আলোকে সভায় বিস্তারিত আলোচনা হয়। বিস্তারিত আলোচনাক্রমে নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

| ক্র: নং | বিষয় ও আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী বিভাগ/কর্মকর্তা |
|---|---|---|---|
| ২.০১ | **সেবা সহজিকরণ/ডিজিটাইজেশনের মাধ্যমে উদ্ভাবনী ধারণা বাস্তবায়নঃ**<br>সেবা/অফিস ব্যবস্থাপনা সহজিকরণ/ ডিজিটাইজেশন এর মাধ্যমে ন্যূনতম একটি উদ্ভাবনী ধারণা বাস্তবায়ন এর বিষয়ে সভায় আলোচনা হয়। এ লক্ষ্যে বিপিসির সকল বিভাগ/শাখা প্রধানের নিকট হতে জরুরী ভিত্তিতে অত্র কর্পোরেশনের সিটিজেন চার্টারভূক্ত ন্যূনতম একটি সেবা/অফিস ব্যবস্থাপনা সহজিকরণ/ ডিজিটাইজেশন এর প্রস্তাব সংগ্রহের বিষয়ে কমিটি একমত পোষণ করেন। বিভিন্ন বিভাগ/শাখা হতে প্রাপ্তব্য প্রস্তাব হতে সবচেয়ে গুরুত্বপূর্ণ সেবা নির্বাচন করে **সেবা সহজিকরণ/ ডিজিটাইজেশনের মাধ্যমে উদ্ভাবনী ধারণা** চূড়ান্তকরণের লক্ষ্যে অত্র কর্পোরেশনের ৫ম গ্রেড ও তদূর্ধ্ব কর্মকর্তা, সংশ্লিষ্ট ফোকাল পয়েন্ট কর্মকর্তা ও বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা, সংশ্লিষ্ট কমিটির সদস্যগণের সমন্বয়ে একটি কর্মশালা আয়োজন করার বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | ১। বিপিসির সকল বিভাগ/শাখা জরুরী ভিত্তিতে অত্র কর্পোরেশনের সিটিজেন চার্টারভূক্ত ন্যূনতম একটি সেবা/অফিস ব্যবস্থাপনা সহজিকরণ/ ডিজিটাইজেশন এর প্রস্তাব সংশ্লিষ্ট ফোকাল পয়েন্ট কর্মকর্তা বরাবর প্রেরণ করবেন। এ বিষয়ে সভাপতির স্বাক্ষরে পত্র জারী করতে হবে।<br><br>২। বিপিসির সকল বিভাগ এর প্রেরিত সেবা/অফিস ব্যবস্থাপনা সহজিকরণ/ ডিজিটাইজেশনের প্রস্তাব চূড়ান্তকরণের লক্ষ্যে অত্র কর্পোরেশনের ৫ম গ্রেড ও তদূর্ধ্ব কর্মকর্তা, সংশ্লিষ্ট ফোকাল পয়েন্ট কর্মকর্তা ও বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা, সংশ্লিষ্ট কমিটির সদস্যগণের সমন্বয়ে অক্টোবর/২৩ মাসে একটি কর্মশালা আয়োজন করতে হবে। এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণে প্রধান সমন্বয়ক, বিপিসি প্রশিক্ষণ কেন্দ্র বরাবরে পত্র প্রদান করতে হবে। | বিভাগীয়/শাখা প্রধান (সকল), সংশ্লিষ্ট ফোকাল পয়েন্ট/বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা, বিপিসি ও<br>প্রধান সমন্বয়ক, বিপিসি প্রশিক্ষণ কেন্দ্র। |

| ক্র: নং | বিষয় ও আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী বিভাগ/কর্মকর্তা |
|---|---|---|---|
| ২.০২ | **ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবার ডাটাবেজ প্রস্তুত করা এবং সেবাসমূহ চালু রাখাঃ**<br><br>ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবার ডাটাবেজ প্রস্তুত করা এবং সেবাসমূহ চালু রাখা এর বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবার তালিকা নিম্নরূপঃ<br><br>১। অনলাইন নিয়োগ প্রক্রিয়া চালুকরণ;<br>২। হিসাব বিভাগের কার্যক্রম অটোমেশনের আওতায় আনয়ন;<br>৩। জনসাধারণের জন্য ফিলিং স্টেশনসমূহের গুগল ম্যাপিং;<br>৪। অয়েল ট্যাংকারসমূহের লাইসেন্স নবায়ন সেবা সহজীকরণ;<br>৫। নিবন্ধিত ঢাকাস্থ লিয়াঁজো অফিসে অভ্যাগতদের আগমন, এক্সেস কন্ট্রোল এবং রেজিস্ট্রার ব্যবস্থাপনা ডিজিটাইজেশন;<br>৬।পিএমআইএস সফটওয়্যারের মাধ্যমে কর্মকর্তা/কর্মচারীদের ব্যক্তিগত তথ্য সংরক্ষণ;<br>৭। পেনশন ম্যানেজমেন্ট সফটওয়্যার প্রণয়ন। | মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক জারিকৃত নির্দেশিকার আলোকে কমপক্ষে ৪টি সেবা চালু রাখাতে হবে। এ লক্ষ্যে ইতোপূর্বে সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবার বর্তমান হালনাগাদ তথ্যাদি সংশ্লিষ্ট বিভাগ/শাখা হতে আগামী ১৮-১০-২০২৩ তারিখের মধ্যে সংশ্লিষ্ট ফোকাল পয়েন্টের নিকট প্রেরণ করবেন। এ বিষয়ে সভাপতির স্বাক্ষরে পত্র জারী করতে হবে। | বিভাগীয় প্রধান (সকল), সংশ্লিষ্ট ফোকাল পয়েন্ট কর্মকর্তা ও বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা, বিপিসি। |
| ২.০৩ | **ইনোভেশন শোকেসিং:**<br><br>বিপিসির আওতাধীন অফিস সমূহের অংশগ্রহণে নূন্যতম একটি ইনোভেশন প্রদর্শনী (শোকেসিং) আয়োজন এবং শ্রেষ্ঠ উদ্ভাবনী উদ্যোগ নির্বাচনের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয় । | ১। বিপিসির আওতাধীন অফিস/কোম্পানি সমূহের অংশগ্রহণে আগামী এপ্রিল/২৪ মাসের মধ্যে নূন্যতম একটি ইনোভেশন প্রদর্শনী (শোকেসিং) আয়োজন এবং শ্রেষ্ঠ উদ্ভাবনী উদ্যোগ নির্বাচন করতে হবে।<br><br>২। ইনোভেশন প্রদর্শনী (শোকেসিং) এর বিষয়ে অবহিত করণ ও প্রশিক্ষণ প্রদানের লক্ষ্যে বিপিসির আওতাধীন অফিস/কোম্পানিসমূহের সংশ্লিষ্ট ফোকাল পয়েন্ট কর্মকর্তা ও বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তাদের অংশগ্রহণে ডিসেম্বর/২৩ মাসে একটি কর্মশালা আয়োজন করতে হবে। এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণে প্রধান সমন্বয়ক, বিপিসি প্রশিক্ষণ কেন্দ্র বরাবরে পত্র প্রদান করতে হবে। | সংশ্লিষ্ট ফোকাল পয়েন্ট কর্মকর্তা ও বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা, বিপিসি। প্রধান সমন্বয়ক, বিপিসি প্রশিক্ষণ কেন্দ্র। |

| ক্র: নং | বিষয় ও আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী বিভাগ/কর্মকর্তা |
|---|---|---|---|
| ২.০৪ | **ই-নথির ব্যবহার বৃদ্ধিঃ**<br>ই-নথির ব্যবহার বৃদ্ধি পেলে সংস্থায় কজের সচ্ছতা, জবাবদিহিতা ও সুশাসন নিশ্চিত করা যায়। এ প্রেক্ষিতে ই-নথির ব্যবহার বৃদ্ধির বিষয়ে সভায় গুরুত্বারোপ করা হয়। | ১। বিপিসি'র বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০২৩-২৪ এর লক্ষ্যমাত্রা অনুযায়ী অত্র কর্পোরেশনে ই-নথি ব্যবহারের হার বৃদ্ধি করতে হবে। বিপিসির অভ্যন্তরীণ মাসিক সমন্বয় সভায় ই-নথি ও হার্ড নথি ব্যবহারের শাখা ভিত্তিক পরিসংখ্যান সংযোজন করতে হবে। এটি সমন্বয় সভার এজেন্ডাভূক্ত করার জন্য সচিব, বিপিসি বরাবরে আলাদাভাবে পত্র জারী করতে হবে। | সচিব, বিভাগীয় প্রধান (সকল), ব্যবস্থাপক (সংস্থাপন), সংশ্লিষ্ট ফোকাল পয়েন্ট কর্মকর্তা ও বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা, বিপিসি। |
| ২.০৫ | **তথ্য বাতায়ন হালনাগাদকরণঃ**<br>তথ্য বাতায়ন যে কোন প্রতিষ্ঠানের মুখচ্ছবি স্বরুপ। বিপিসি'র বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০২৩-২৪ এর লক্ষ্যমাত্রা অনুযায়ী বিপিসি ও এর আওতাধীন অফিসসমূহের তথ্য বাতায়ন/ ওয়েবসাইট (Website) নিয়মিত হালনাগাদ করতে হবে মর্মে সভায় আলোচনা হয়। | ১। বিপিসি'র বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০২৩-২৪ এর লক্ষ্যমাত্রা অনুযায়ী বিপিসির সকল বিভাগ/শাখা কর্তৃক আগামী ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে অত্র কর্পোরেশনের তথ্য বাতায়ন/ Website হালনাগাদকরণের জন্য প্রয়োজনীয় তথ্যাদি এমআইএস বিভাগে প্রেরণ করবেন।<br><br>২। তথ্য বাতায়ন হালনাগাদকরণের এর বিষয়ে অবহিত করণ ও প্রশিক্ষণ প্রদানের লক্ষ্যে বিপিসির সকল বিভাগ মনোনীত ফোকাল পয়েন্ট কর্মকর্তা ও বিপিসির আওতাধীন অফিস সমূহের সংশ্লিষ্ট ফোকাল পয়েন্ট কর্মকর্তা এবং বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তাদের অংশগ্রহণে অক্টোবর ২০২৩ মাসে একটি কর্মশালা আয়োজন করতে হবে। এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণে প্রধান সমন্বয়ক, বিপিসি প্রশিক্ষণ কেন্দ্র বরাবরে পত্র প্রদান করতে হবে। | বিভাগীয় প্রধান/শাখা প্রধান (সকল), সংশ্লিষ্ট ফোকাল পয়েন্ট কর্মকর্তা ও বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা, বিপিসি।<br>প্রধান সমন্বয়ক, বিপিসি প্রশিক্ষণ কেন্দ্র। |
| ২.০৬ | **স্মার্ট বাংলাদেশ বিনির্মাণ কর্মশালা আয়োজনঃ**<br>বিপিসি'র বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০২৩-২৪ এর লক্ষ্যমাত্রা অনুযায়ী স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে কর্মশালা আয়োজন করতে হবে মর্মে সভায় আলোচনা হয় । | ১। বিপিসি'র বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০২৩-২৪ এর লক্ষ্যমাত্রা অনুযায়ী স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে কর্মকর্তা-কর্মচারীদের নিয়ে ২টি কর্মশালা আয়োজন করতে হবে মর্মে সভায় আলোচনা হয়। ১ম কর্মশালা নভেম্বর ২০২৩ এর মধ্যে আয়োজনের সিদ্ধান্ত হয়। এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণে প্রধান সমন্বয়ক, বিপিসি প্রশিক্ষণ কেন্দ্র বরাবরে পত্র প্রদান করতে হবে।<br><br>২। বিপিসি'র বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০২৩-২৪ এর লক্ষ্যমাত্রা অনুযায়ী স্মার্ট বাংলাদেশ বিনির্মাণ বিষয়ক কর্মপরিকল্পনা প্রণয়ন করতে হবে। | সংশ্লিষ্ট ফোকাল পয়েন্ট কর্মকর্তা ও বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা, বিপিসি।<br>প্রধান সমন্বয়ক, বিপিসি প্রশিক্ষণ কেন্দ্র। |
| ২.০৭ | **বিবিধঃ**<br>সংস্থার ২০২৩-২৪ অর্থবছরের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত কমিটির পরবর্তী সভা অক্টোবর ২০২৩ মাসের সুবিধাজনক সময়ে অনুষ্ঠিত হবে মর্মে সভায় আলোচনা হয় । | সংস্থার ২০২৩-২৪ অর্থবছরের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত কমিটির পরবর্তী সভা অক্টোবর ২০২৩ মাসের সুবিধাজনক সময়ে অনুষ্ঠিত হবে । | সংশ্লিষ্ট ফোকাল পয়েন্ট কর্মকর্তা ও বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা, বিপিসি। |

৩। পরিশেষে, সভাপতি বিপিসি'র বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০২৩-২৪ এর আওতাধীন ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন সূচকে কাঙ্খিত মান অর্জনের ব্যাপারে সংশ্লিষ্ট সকলকে সচেষ্ট থাকার জন্য নির্দেশনা প্রদান করেন। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ দিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৭/০৯/২০২৩

(কাজী মুহাম্মদ মোজাম্মেল হক)
পরিচালক (অর্থ)
ও আহবায়ক, সংশ্লিষ্ট কমিটি।

স্মারকঃ ২৮.০৩.০০০০.০০৮২.০৪.০০১.২২. ৫৭

তারিখঃ ০৩/১০/২০২৩

<u>সদয় অবগতি/অবগতি ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) প্রেরণ করা হলঃ</u>

১। সচিব, বিপিসি।

২। উর্ধ্বতন মহাব্যবস্থাপক /মহাব্যবস্থাপক (বাঃ ও অপাঃ/হিসাব/বঃ ও বিঃ/অর্থ/পরিঃ ও উঃ), বিপিসি।

৩। উপ-মহাব্যবস্থাপক (এমআইএস)/ ব্যবস্থাপক (প্রশাসন/সংস্থাপন/সা.ক.শা.), বিপিসি।

৪। ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ফোকাল পয়েন্ট কর্মকর্তা ও বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা, বিপিসি।

৫। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, বিপিসি।

৬। প্রধান সমন্বয়ক, বিপিসি প্রশিক্ষণ কেন্দ্র (অত্র সভার ২.০১(২), ২.০৩(২), ২.০৫(২), ২.০৬(১) নং সিদ্ধান্ত অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।

৭। পরিচালক (অর্থ) মহোদয়ের ব্যক্তিগত সহকারী,. বিপিসি।

৮। সচিব মহোদয়ের ব্যক্তিগত সহকারী, বিপিসি।

৯। অফিস কপি।

০৩/১০/২৩

(মোঃ নিয়াজ মোর্শেদ)
উপ-ব্যবস্থাপক (সংস্থাপন)
ও
সদস্য-সচিব

## বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন

বিএসসি ভবন, সল্টগোলা রোড, চট্টগ্রাম।

বিপিসি'র পরিচালক (অর্থ) জনাব কাজী মুহাম্মদ মোজাম্মেল হক এর সভাপতিত্বে ২৭/০৯/২০২৩ তারিখ সকাল ১১.০০ ঘটিকায় বিপিসি'র বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০২৩-২৪ এর আওতাধীন ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত কমিটির ১ম সভার উপস্থিতিঃ

| ক্রমিক | নাম | পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|
| ০১. | মুহাম্মদ আশরাফ হোসেন | সচিব | [signature] ২৭.০৯.২০২৩ |
| ২. | মোঃ ইউনুস হোসেন ভূঁইয়া | [illegible] মহাব্যবস্থাপক ([illegible]) | [signature] ২৭.০৯.২৩ |
| ৩. | এস, এম, জুবায়ের হাসান | ব্যবস্থাপক (প্রশাসন) | [signature] ২৭/০৯/২০২৩ |
| ৪. | মোহাম্মদ নাঈম উদ্দীন | ব্যবস্থাপক (হিসাব) | [signature] ২৭/০৯/২০২৩ |
| ৫. | মোঃ আল-আমীন | উপ-ব্যবস্থাপক (বাঃ ও বিপঃ) | [signature] ২৭.৯.২৩ |
| ৬. | মোঃ নিয়াজ মোর্শেদ | উপ-ব্যবস্থাপক (সংস্থাপন) | [signature] ২৭.৯.২৩ |
| | | | |
| | | | |